

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا صَلَّى أَحُدُكُمْ إِلَى غَيْرِ السُّتْرَةِ فَإِنَّهُ يَقْطَعُ صَلَاتَهُ الْحِمَارُ وَالْخِنْزِيرُ وَالْيَهُودِيُّ وَالْمَجُوسِيُّ وَالْمَرْأَةُ وَتُجْزِيُ عَنْهُ إِذَا مَرُّوا بَيْنَ يَدَيْهِ عَلَى قَذْفَةٍ بِحَجَرِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৭৮৯-[১৮] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন আড়াল ছাড়া (সুতরাহ্) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে, আর তার সম্মুখ দিয়ে গাধা, শূকর, ইয়াহূদী, মাজূসী ও স্ত্রীলোক অতিক্রম করে তাহলে তার সালাত (সালাত/নামায/নামাজ) ভেঙ্গে যাবে। তবে যদি একটি কঙ্কর নিক্ষেপের পরিমাণ দূর দিয়ে যায় তাহলে কোন দোষ নেই। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] य'ঈফ : আব্ দাউদ ৭০৪, য'ঈফ আল জামি' ৫৬৫। দু'টি কারণে প্রথমত এখানে তার أَحْسِبُهُ عَنْ رَسُوْلِ উিজর মাধ্যমে হাদীসটি মারফূ' হওয়ার বিষয়ে সন্দেহ প্রকাশ করেছেন। দ্বিতীয়ত এখানে ইয়াহ্ইয়া ইবনু কাসীর-এর عَنْغَنْدَ রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: পাথর নিক্ষেপ পরিমাণ দূরত্ব যথেষ্ট দূরত্ব। এ অবস্থায় সুতরাহ্ (সুতরা) ছাড়া মুসল্লীর সালাত (সালাত/নামায/নামাজ) যথেষ্ট হয়ে যাবে। "সালাত ভেঙ্গে যাবে" অর্থ হলো- সালাতের একাগ্রতা ও মনোনিবেশ নষ্ট করে দেবে। 'আল্লামা ইবনু হাজার আসক্ষালানী বলেছেন, ন্যূনতম তিন গজ বা ছয় হাত কিংবা এর দূর দিয়ে অতিক্রম করলে কোন ক্ষতি হবে না; বস্তুত তিন গজের বাইরে দৃষ্টির সীমা ব্যাহত হয় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন